




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (আইইডিসিআর)  
মহাখালী, ঢাকা ১২১২।



## আইইডিসিআর পরিচালিত কোভিড-১৯ সার্ভিলেন্স হতে প্রাপ্ত উপাত্ত বিশ্লেষণ (জানুয়ারী ২০২৩- মে ২০২৫) ও করণীয়

আইইডিসিআর পরিচালিত কোভিড-১৯ সার্ভিলেন্স হতে প্রাপ্ত উপাত্ত বিশ্লেষণ করে দেখা যাচ্ছে যে, গত ১ মাসে (মে ২০২৫) কোভিড-১৯ সংক্রমণের হার বৃদ্ধি পেয়েছে। আইইডিসিআর পরিচালিত ন্যাশনাল ইনফ্লুয়েন্জা সার্ভিলেন্স, বাংলাদেশ ও আইইডিসিআর পিএইচওসি এর মাধ্যমে গত মে ২০২৫ মাসে ১৪০৯ জন সম্ভাব্য কোভিড-১৯ রোগীর নমুনা পরীক্ষা করে ১৩৪ জন (৯.৫১%) রোগীর কোভিড-১৯ সনাক্ত হয়, যা জানুয়ারী ২০২৩ হতে মে ২০২৫ পর্যন্ত সর্বোচ্চ হার। এছাড়া ২০২৩ সালের মে মাস হতে আগস্ট পর্যন্ত এবং ২০২৪ সালের জানুয়ারী মাস হতে আগস্ট পর্যন্ত কোভিড-১৯ সংক্রমণের হার ১.৫% এর বেশী ছিল। আইইডিসিআর সম্প্রতি প্রাপ্ত কোভিড-১৯ পজিটিভ নমুনার জিনোম সিকুয়েন্সিং করে Omicron BA 2.86 সনাক্ত করেছে যা আগেও বাংলাদেশে সনাক্ত হয়েছিল।



### করণীয়:

- ❖ মাস্ক ব্যবহার করুন।
- ❖ যথাসম্ভব জনসমাগম এড়িয়ে চলুন।
- ❖ ঘন ঘন হাত পরিষ্কার করুন (সাবান পানি অথবা হ্যান্ড স্যানিটাইজার দিয়ে)।
- ❖ আপনার যদি জ্বর/কাশি/শ্বাসকষ্ট থাকে তবে সুস্থ ব্যক্তিদের কাছ থেকে দূরে থাকুন এবং প্রয়োজনে চিকিৎসকের পরামর্শ নিন।
- ❖ কাশি শিষ্টাচার মেনে চলুন। হাঁচি-কাশি দেয়ার সময় টিস্যু দিয়ে বা বাহুর ভাজে নাক-মুখ ঢেকে রাখুন, সাথে সাথে ঢাকনা যুক্ত পাত্রে টিস্যু ফেলে দিন এবং হাত পরিষ্কার করে ফেলুন।